



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ১৫১৪৩

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/দিনাজপুর-১৮৬/১৭/১৬

তারিখঃ ৫/০১/২০১৭খ্রিঃ


বিষয়ঃ সভাপতি পদ বাতিলসহ অনুমোদিত গভার্ণিং বডি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে।

সূত্রঃ নং- বামাশিবো/প্রশা/দিনাজপুর-১৮৬/৩৭৪৮/৪; তারিখঃ ২০/১১/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলাধীন মনমথপুর ই, বি, এস, ই আলিম মাদরাসার গভার্ণিং বডির সভাপতি ও সদস্যবৃন্দের বিরুদ্ধে মাদরাসার অধ্যক্ষ জনাব মোঃ মহসিন আলী একখানা অভিযোগপত্র দাখিল করেন। অভিযোগপত্রে গভার্ণিং বডির সভাপতি ও সদস্যবৃন্দের বিরুদ্ধে অনুমোদিত ছুটিতে থাকাকালীন সময়ে অবৈধভাবে জ্যেষ্ঠ শিক্ষককে বাদ দিয়ে সহকারী শিক্ষককে অধ্যক্ষের দায়িত্ব প্রদান, অবৈধভাবে মিথ্যা অভিযোগ আনয়ন করে অধ্যক্ষকে সাময়িক বরখাস্তকরণ, বেতন-ভাতাদি বন্ধ রাখা, অধ্যক্ষের নিকট চাঁদা দাবী, চাঁদা অনাদায়ে ৫ লক্ষ টাকা উৎকোচ গ্রহণের করে আরবী প্রভাষক মোঃ সেকেন্দার আলীকে অধ্যক্ষ পদে নিয়োগ প্রদানের প্রলোভন করা, শিক্ষকদের মধ্যে দলীয়করণ, বিশৃঙ্খলা সৃষ্টিসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়।

২) গভার্ণিং বডির সভাপতি ও কমিটির সদস্যবৃন্দের এহেন কার্যকলাপ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান- ১১, ৩৭, ৩৮ ও ৪১ এর পরিপন্থি হওয়ায় এ দপ্তর হতে অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি পদ বাতিলসহ পূর্ণাঙ্গ কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না মর্মে সভাপতি ও অধ্যক্ষকে সূত্রে উল্লিখিত স্মারকে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি যে জবাব দাখিল করেছেন, তা সন্তোষজনক নয়। এছাড়া মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত জবাবে বিদ্যমান গভার্ণিং বডি ভেঙ্গে দিয়ে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদানের জন্য আবেদন করেছেন।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানের স্বার্থে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮ (১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১৯৮৪/২/নথি নং- দিনাজ-১৮৬; তারিখঃ ২৬/০৫/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি পদ বাতিলসহ পূর্ণাঙ্গ কমিটি এতদ্বারা ভেঙ্গে দেয়া হলো।


প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ, মনমথপুর ই, বি, এস, ই আলিম মাদরাসা, পার্বতীপুর, দিনাজপুর।

নং- বামাশিবো/প্রশা/দিনাজপুর-১৮৬/

তারিখঃ /০১/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, দিনাজপুর।
২. উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর।
৩. জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
৪. সভাপতি ও সদস্যবৃন্দ- ভেঙ্গে দেয়া গভার্ণিং বডি, মনমথপুর ই, বি, এস, ই আলিম মাদরাসা, পার্বতীপুর, দিনাজপুর।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোনঃ ৯৬৭৪৮৭৪